

শেকৃবি-এ শহীদ বুদ্ধিজীবী দিবস
ও মহান বিজয় দিবসের কর্মসূচি

আগামীকাল ১৪ ডিসেম্বর ২০২০ সোমবার শহীদ বুদ্ধিজীবী দিবস এবং ১৬ ডিসেম্বর ২০২০ বুধবার মহান বিজয় দিবস উদযাপন উপলক্ষ্যে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছে। এ বছর করোনা ভাইরাস (কোভিড-১৯) পরিস্থিতিতে সীমিত পরিসরে ও স্বাস্থ্যবিধি অনুসরণ করে এসব কর্মসূচি পালিত হবে।

শহীদ বুদ্ধিজীবী দিবসের কর্মসূচি

শহীদ বুদ্ধিজীবী দিবসের কর্মসূচির মধ্যে রয়েছে - ১৪ ডিসেম্বর সকাল ৯ টায় বিশ্ববিদ্যালয়ে স্বাধীনতা চত্বরে জাতীয় পতাকা ও কালো পতাকা উত্তোলন, সকাল ৯ টা ৩০ মিনিটে ভাইস-চ্যান্সেলর অধ্যাপক ড. মো. শহীদুর রশীদ ভূইয়া এর নেতৃত্বে প্রশাসনিক ভবনে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও শেরেবাংলা এ.কে.ফজলুল হকের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পণ ও দোয়া। এছাড়া, সকাল ১১টায় উপাচার্য মহোদয়ের সভাকক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হবে।

মহান বিজয় দিবসের কর্মসূচি

মহান বিজয় দিবসের কর্মসূচির মধ্যে রয়েছে - ১৬ ডিসেম্বর সকাল ৯ টায় বিশ্ববিদ্যালয়ে স্বাধীনতা চত্বরে জাতীয় পতাকা উত্তোলন, সকাল ৯ টা ৩০ মিনিটে ভাইস-চ্যান্সেলর অধ্যাপক ড. মো. শহীদুর রশীদ ভূইয়া এর নেতৃত্বে প্রশাসনিক ভবনে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও শেরেবাংলা এ.কে.ফজলুল হকের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পণ ও স্বাধীনতা যুদ্ধে শহীদের উদ্দেশ্যে দোয়া।

এছাড়া, বাদ যোহর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদ ও স্টাফ কোয়ার্টার মসজিদে শহীদের আত্মার মাগফেরাত ও শান্তি কামনা এবং দেশের সমৃদ্ধি ও উন্নতির জন্য দোয়া/প্রার্থনা করা হবে।

মো. বশিরুল ইসলাম

উপ-পরিচালক

জনসংযোগ ও প্রকাশনা দফতর

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়